

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নংঃ তারিখঃ ২৪/০৮/২০২২খ্রিঃ

আউট অব স্কুল চিলড্রেন প্রোগ্রামের আওতায় শিক্ষক নিয়োগ সংক্রান্ত নিয়োগ বিজ্ঞপ্তি

গুইমারা উপজেলাধীন আউট অব স্কুল প্রোগ্রামের আওতায় শিক্ষক/শিক্ষিকা নিয়োগের জন্য নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০৫/০৯/২০২২খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবর অফিস চলাকালীন সময়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি সহ ক্রমিক নং -১ মোতাবেক লিখিত/কম্পিউটার কম্পোজকৃত আবেদন দাখিল করতে হবে। ০৫/০৯/২০২২খ্রি. তারিখের পর কোন অবস্থাতেই আবেদন গ্রহণ করা হবে না।

ক্রম	পদেরনাম ও বেতন	ইউনিয়নের নাম ও শূণ্য পদের সংখ্যা	আবেদনের শেষ তারিখ
১	শিক্ষক/শিক্ষিকা মাসিক বেতন-৫০০০/- (সর্বসাকুল্যে)	গুইমারা ইউনিয়ন = ৩টি হাফছড়ি ইউনিয়ন = ৬টি সিন্দুকছড়ি ইউনিয়ন= ৫টি	০৫/০৯/২০২২খ্রি. বিকাল ৩.৩০ ঘটিকা পর্যন্ত জমাদানের স্থান:- ১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ২। উপজেলা প্রকল্প অফিস, আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচী, প্রোগ্রামেসিভ রামসু বাজার, গুইমারা।

গুইমারা ইউনিয়নের শিখন কেন্দ্রের নামঃ কেমরং পাড়া (৮ নং ওয়ার্ড), সাখীপাড়া (৯ নং ওয়ার্ড), কলাপাড়া (৯ নং ওয়ার্ড)

হাফছড়ি ইউনিয়নের শিখন কেন্দ্রের নামঃ মনাছড়ি তন্টতলা (১নং ওয়ার্ড), উত্তর হাফছড়ি (৩ নং ওয়ার্ড), হাফছড়ি নতুনপাড়া (৩ নং ওয়ার্ড), ফের কুমার কার্বারী পাড়া (৭নং ওয়ার্ড), নাক্রাইপাড়া (৭ নং ওয়ার্ড), সিন্দুকছড়ি মুখপাড়া (৯নং ওয়ার্ড)

সিন্দুকছড়ি ইউনিয়নের শিখন কেন্দ্রের নামঃ রোয়াজাপাড়া (২নং ওয়ার্ড), নতুনপাড়া -১(৩নং ওয়ার্ড), তিন্দুকছড়ি-১(৭নং ওয়ার্ড), মনাছড়ি (৬নং ওয়ার্ড), আকবাড়িপাড়া (৮নং ওয়ার্ড)।

শর্তাবলীঃ

১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। প্রার্থীর তথ্যঃ (ক) শিখন কেন্দ্রের নাম (খ) প্রার্থীর নাম (গ) পিতার নাম (ঘ) মাতার নাম (ঙ) জন্ম তারিখ (চ) এনআইডি/ জন্ম সনদ (ছ) স্থায়ী ঠিকানা (জ) বর্তমান ঠিকানা(ঝ) নাগরিকত্ব সনদ (ঞ) প্রার্থীর মোবাইল নাম্বার উপরে পূর্বক উপজেলা নির্বাহী অফিসার, গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলাকে সম্বোধন পূর্বক আবেদন করতে হবে। প্রার্থীর বাড়ি সংশ্লিষ্ট শিখন কেন্দ্রের ২(দুই) কি.মি. এর মধ্যে অবস্থিত এই মর্মে সংশ্লিষ্ট গ্রামের ইউ.পি সদস্য ও ইউ.পি চেয়ারম্যানের কাছ থেকে একটা প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

(৩) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা কোন স্বীকৃত বোর্ড হতে কমপক্ষে এইচ এস সি পাস হতে হবে। তবে বিশেষ ক্ষেত্রে যেমন, প্রত্যন্ত অঞ্চল চর, হাওর-বাওর পাহাড়ি এলাকা এবং ক্ষুদ্রনৃগোষ্ঠীর ক্ষেত্রে আবেদনকারীকে কমপক্ষে এস এস সি/ সমমান (কমপক্ষে জিপিএ-৩.০০) পাস হতে হবে। উপরে শিখিল শিক্ষাগত যোগ্যতায় নিয়োগের ক্ষেত্রে জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(৪) আবেদনকারীকে অবশ্যই শিখন কেন্দ্র সংশ্লিষ্ট ইউনিয়ন/ ওয়ার্ড স্থায়ী বাসিন্দা হতে হবে।

(৫) প্রার্থীর বয়স আবেদনের তারিখে ২০-৪৫ বছরের মধ্যে হতে হবে(পুরুষ ও নারী উভয়ের জন্য)।

- (৬) শিক্ষককে প্রত্যেকদিন ৩ ঘন্টা করে ক্লাস পরিচালনা নিশ্চিত করতে হবে।
- (৭) শিক্ষক নির্বাচনের ক্ষেত্রে ৫০% মোট সংখ্যা নারী শিক্ষক নিয়োগ করা হবে।
- (৮) আবেদনের সাথে সংযুক্তিঃ
- (ক) সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
- (খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদের অনুলিপি।
- (গ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
- (ঘ) নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।
- (৯) সরকারি-বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও পাড়া কেন্দ্রের পাড়াকর্মী সুপারভাইজারগণ কোন অবস্থাতেই আবেদন করতে পারবেন না।
- (১০) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- (১১) নিয়োগের ক্ষেত্রে কোন ধরনের তদবির ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- (১২) আবেদন সংক্রান্ত যেকোন প্রকার জিজ্ঞাসার জন্য যোগাযোগের নম্বর: বিপশ্রী চাকমা, উপজেলা প্রোগ্রাম ম্যানেজার (ভারপ্রাপ্ত), গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা। মোবাইল নং- ০১৫৫৬-৬০৯৯০৩
- (১৩) শিক্ষক নিয়োগ কমিটি যেকোন সময় কোন কারণ ব্যাখ্যা ছাড়াই নিয়োগ প্রক্রিয়া বাতিল বা যেকোন শর্ত পরিবর্তন, সংশোধন, ও সংযোজন বিষয়ে ক্ষমতা সংরক্ষণ করে।

(মোঃ মোতাহেব বিল্যাহ)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

উপজেলা আউট অব স্কুল চিলড্রেন শিক্ষক নিয়োগ কমিটি
গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২. চেয়ারম্যান, গুইমারা/হাফছড়ি/সিন্দুকছড়ি ইউনিয়ন পরিষদ, গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।